# ইরানে হামলা স্থগিতের ঘোষণা দিলেন ট্রাম্প



ডোনাল্ড ট্রাম্প। ছবি: সংগৃহীত

ইরানের সঙ্গে দ্রুত একটি চুক্তি হলে হামলার পরিকল্পনা বাস্তবায়ন করা হবে না বলে জানিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তিনি দাবি করেন, এ শর্তে তিনি ইরানে হামলার সিদ্ধান্ত থেকে সরে এসেছেন।

রোববার (২ আগস্ট) সামাজিক যোগাযোগমাধ্যম ট্রুথ সোশ্যাল-এ দেওয়া এক পোস্টে ট্রাম্প বলেন, যুক্তরাষ্ট্র ইরানের বিরুদ্ধে বড় ধরনের সামরিক অভিযান চালানোর প্রস্তুতি নিয়েছিল। তবে সম্ভাব্য একটি সমঝোতার সুযোগ তৈরি হওয়ায় সেই সিদ্ধান্ত স্থগিত করা হয়েছে।

তার দাবি, ইরান ও মধ্যপ্রাচ্যের কয়েকটি দেশ হামলা এড়িয়ে কূটনৈতিক সমাধানের আহ্বান জানিয়েছে। সম্ভাব্য চুক্তির অংশ হিসেবে হরমুজ প্রণালিতে অবাধ নৌচলাচল নিশ্চিত করা এবং ইরানের পারমাণবিক কর্মসূচি নিয়ে সমাধানে পৌঁছানোর বিষয়টি রয়েছে।

ট্রাম্প বলেন, বিশ্বের স্বার্থ এবং একটি স্থিতিশীল ও সমৃদ্ধ ইরানের কথা বিবেচনা করেই তিনি এ সিদ্ধান্ত নিয়েছেন। একই সঙ্গে দ্রুত চুক্তি সম্পন্ন করার আহ্বান জানান তিনি। তার ভাষ্য, এ সিদ্ধান্তের সঙ্গে ইসরায়েলও একমত।

তবে ট্রাম্পের এ দাবির বিষয়ে ইরান বা ইসরায়েলের পক্ষ থেকে তাৎক্ষণিক কোনো আনুষ্ঠানিক প্রতিক্রিয়া পাওয়া যায়নি।

এর আগে মার্কিন সংবাদমাধ্যমগুলো জানিয়েছিল, চলতি সপ্তাহে ইরানের বিরুদ্ধে নতুন করে বড় ধরনের হামলার পরিকল্পনা নিয়ে আলোচনা চলছিল। শুক্রবার মন্ত্রিসভার বৈঠকেও ট্রাম্প ইরানের বিরুদ্ধে কঠোর অবস্থানের কথা জানিয়েছিলেন।